চট্টগ্রামে পুলিশকে মারধরের অভিযোগে ছাত্রশিবিরের সাবেক নেতা গ্রেফতার



সংগৃহীত ছবি

চট্টগ্রামের হাটহাজারী থানায় পুলিশের ওপর হামলার অভিযোগে গ্রেফতার হয়েছেন ছাত্রশিবিরের সাবেক নেতা মো. রায়হান (২৬)। অভিযোগ, থানা থেকে আসামিদের ছাড়িয়ে নিতে না পারায় তিনি পুলিশের ওপর ধাক্কাধাক্কি ও মারধর করেন।

বুধবার (২২ অক্টোবর) দুপুরে হাটহাজারী থানার ভবনের ভেতরে ঘটনাটি ঘটে। রায়হান হাটহাজারী কলেজ শাখা ছাত্রশিবিরের সাবেক সভাপতি; বর্তমানে তিনি কোনো পদে নেই।

অতিরিক্ত জেলা পুলিশ সুপার (হাটহাজারী সার্কেল) কাজী মো. তারেক আজিজ বলেন, ২১ অক্টোবর হাটহাজারীতে এক স্কুলছাত্র খুনের ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়। রাতের বেলা রায়হান থানায় এসে গ্রেফতারদের ছাড়িয়ে নেওয়ার জন্য তদবির করতে থাকেন। পরের দিন দুপুরে আসামিদের আদালতে পাঠানোর প্রস্তুতির সময় তিনি ছবি ও ভিডিও তুলতে শুরু করেন। পুলিশ বাধা দিলে ক্ষিপ্ত হয়ে রায়হান পুলিশের ওপর হামলা চালান। পরে অন্য পুলিশ সদস্যরা এসে তাকে গ্রেফতার করেন।

ডিএসপি তারেক আজিজ আরও জানান, ১৫ অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চাকসু) নির্বাচনের সময় ভোট গণনার মাঠে বিএনপি-ছাত্রদল ও জামায়াত-ছাত্রশিবিরের সংঘর্ষের সময় তিনি ইটপাটকেল হামলায় আহত হন। এই ঘটনার মামলায় রায়হানকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।